

দাও শৌর্য দাও ধৈর্য হে উদার নাথ  
দাও দাও প্রাণ।  
দাও অমৃত মৃত জনে,  
দাও ভীত-চিত জনে শক্তি অপরিমাণ,  
হে সর্বশক্তিমান ॥  
দাও স্বাস্থ্য, দাও আয়ু  
স্বচ্ছ আলো মুক্ত বায়ু,  
দাও চিত্ত অ-নিবুদ্ব দাও শুদ্ধ জ্ঞান,  
হে সর্বশক্তিমান ॥  
দাও দেহে দিব্যকান্তি  
দাও গেহে নিত্য শান্তি,  
দাও পূর্ণ প্রেম ভক্তি, মঙ্গল, কল্যাণ  
ভীতি-নিষেধের উর্ধে/ব স্থির  
রহি যেন চির উন্নতশির  
যাহা চাই যেন জয় করে পাই  
গ্রহণ না করি দান  
হে সর্বশক্তিমান ॥